চুয়াডাঙ্গায় দুর্যোগ প্রস্তুতি দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

দূর্যোগ প্রস্তুতিতে লড়বো, স্মার্ট সোনার বাংলা গড়বো এই প্রতিপাদ্য চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের আয়োজনে ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বাস্তবায়নে সকাল সাড়ে নয়টার সময় চুয়াডাঙ্গা কালেক্টরেট স্কুল এন্ড কলেজ মাঠে ভূমিকম্প অগ্নিকান্ড বিষয়ক মহড়া ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দুর্যোগ প্রস্তুতি দিবস উপলক্ষে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) নাজমুল হামিদ রেজা।

এ সময় তিনি বলেন, প্রকৃতি বা মনুষ্য সৃষ্টির কারণে যেকোনো সময় বা যেকোনো মাধ্যমে দ্বারা আমাদের উপর দুর্যোগ হানা দিতে পারে। এই দূর্যোগের যদি পূর্ব প্রস্তুতি বা দুর্যোগ থেকে কিভাবে রক্ষা পাওয়া যাবে সেটি যদি আমাদের না জানা থাকে তাহলে আমরা অনেক বড় বিপদের সম্মুখীন হতে হবে। তাই দূর্যোগ থেকে কিভাবে আমরা রক্ষা পাবো এবং নিজেকে কিভাবে দুর্যোগের হাত থেকে রক্ষা করতে হবে তারই প্রস্তুতি স্বরূপ আমাদের এই মহড়া।

আলোচনা সভা শেষে চুয়াডাঙ্গা কালেক্টরেট স্কুল এন্ড কলেজ মাঠে চুয়াডাঙ্গা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ষ্টেশন অফিসার এবং রেড ক্রিসেন্টের যৌথ নেতৃত্বে অগ্নিকান্ডের কারণে জান-মালের ব্যাপক ক্ষয়ক্ষতি রোধকল্পে অগ্নিকান্ড সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং অগ্নি নির্বাপণের বিভিন্ন কলা কৌশল হাতে-কলমে শিক্ষা দানের মহড়া অনুষ্ঠিত হয়।

এছাড়াও ভূমিকম্পনে ক্ষয়ক্ষতি রোধকল্পে অগ্নিকান্ড সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং অগ্নি নির্বাপণের বিভিন্ন কলা কৌশল হাতে-কলমে শিক্ষা দানের মহড়া অনুষ্ঠিত হয়।

আলমডাঙ্গায় জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

দুর্যোগ প্রস্তুতিতে লড়ব, স্মার্ট সোনার বাংলা গড়ব’-এ বছরের এ প্রতিপাদ্যকে সামনে রেখে আলমডাঙ্গায় জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস পালিত হয়েছে। আজ রবিবার সকাল ১০ টায় উপজেলা পরিষদ প্রাঙ্গণে এ দিবসটি বিভিন্ন আয়োজনের মাধ্যমে পালিত হয়েছে।

প্রথমে উপজেলা পরিষদ এলাকা থেকে একটি র্যালি বের হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে। পরে আলমডাঙ্গা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কর্মীরা ভূমিকম্প ও অগ্নিকাণ্ড বিষয়ক মহড়া প্রদর্শন করেন।
এ দিবস উপলক্ষ্যে উপজেলা পরিষদের হলরুমে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানটির সভাপতিত্ব করেন উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক।

এসময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান অ্যাডভোকেট খন্দকার সালমুন আহম্মেদ ডন।

কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামীম রেজার সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন প্রাণিসম্পদ কর্মকর্তা ডাক্তার আব্দুল্লাহিল কাফি, ইন্সটেক্টর জামাল হোসেন, খাদ্য নিয়ন্ত্রণ কর্মকর্তা আব্দুল হামিদ, আনসার ও ভিডিপি কর্মকর্তা আজিজুল হাকিম। উপজেলা স্কাউটের সাধারণ সম্পাদক প্রধান শিক্ষক নুরুল ইসলাম দীপু, স্কাউট অরিদ্র সূত্রধর, উপজেলা মডেল মসজিদের মোয়াজ্জেন হাফেজ হাসান আলী, ফায়ার সার্ভিসের স্টেশন কর্মকর্তা আল মামুন।